বলিতেছেন—হে রাজন্! বিষয় বলিয়া কোনও বাস্তব বস্তু নাই, কিন্তু জড়ীয় পদার্থের সহিত মনের সঙ্কল্প রাখাটিই বিষয়। অতএব, জড়ীয় পদার্থের সহিত মানস সঙ্কল্পের নিরোধ করিয়া ভজন করিলে অবশ্যই অভয়-প্রাপ্তি হইয়া থাকে। এই দ্বৈতপ্রপঞ্চ যদ্যপি আত্মাতে নাই, তথাপি অনবরত জড়ীয় পদার্থের সঙ্কল্পকারীর বুদ্ধি দ্বারাই বিষয় হৃদয়ে প্রকাশ পাইয়া থাকে। যেমন স্বপ্নে ব্যাঘ্র, সর্প, রথ প্রভৃতি উপস্থিত না থাকিলেও মানস-সঙ্কল্পে প্রতিভাত হয়, অথবা জাগ্রত অবস্থাতেই মানস-অভিনিবেশে বিষয়ান্তরের ধ্যান করিতে করিতে যথাস্থিত দেহের কথা একেবারে ভুলিয়া সঙ্কল্পিত বিষয়ে আবিষ্ট হইয়া পড়ে। ব্যবহারিক সকল বিষয়েই ঐ প্রকার বুঝিতে হইবে। অতএব, যে মন সতত জড়ীয়-বিষয়ের সঙ্কল্প ও বিকল্প করিতেছে, সেই মনটিকে নিরোধ করিলেই অব্যভিচারিণী অর্থাৎ হৃদয়ে শ্রীহরি ভিন্ন অন্য বিষয়ের স্ফুর্ত্তি না হওয়া-রূপ ভক্তির উদয় হইতে পারে, এবং সেই অব্যভিচারিণী ভক্তি হইতে অভয় লাভ হইয়া থাকে। ইতি শ্লোকার্থ ॥ ৬০ ॥

দ্বয়ঃ প্রধানাদি-দ্বৈতপ্রপঞ্চঃ যদ্যপ্যবিদ্যমান আত্মনি শুদ্ধে ন বিদ্যতে এবেত্যর্থঃ তথাপি ধ্যাতু রবিদ্যাময়-ধ্যানযুক্তস্য সতস্তস্য ধিয়া অবভাতি তস্মিন্ শুদ্ধেঽপি কল্প্যত এবেত্যর্থ। যথা স্বপ্নো মনোরথশ্চ তথেত্যর্থঃ। তত্তস্মাৎ কর্ম্মানি সঙ্কল্পয়তি বিকল্পয়তি চ যন্মনস্তন্নিযচ্ছেত্ততশ্চাব্যভিচারিণা ভক্ত্যা ভজনাদভয়ং স্যাদিতি ভাবঃ। নন্থ তথাপি মনোনিরোধরূপেণ যোগাভ্যাসেন ভক্তকৈবল্যব্যভিচারঃ স্যাদিত্যাশঙ্ক্য তক্তৈ্যব ক্রিয়মানয়া তদাসক্তত্বেন স্বতঃএব মনোনিরোধোঽপি স্যাদিতি তন্মাত্র-তোপায়মাহ দ্বিতীয়েন—

> শৃন্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণে র্জন্মানি কর্ম্মাণি চ যানি লোকে।
> গীতানি নামানি তদর্থকানি গায়ন্ বিলজ্জো বিচরেদসঙ্গঃ ॥ ৬১ ॥

দ্বয়ঃ—প্রধানাদি দ্বৈতপ্রপঞ্চ। যদ্যপি অবিদ্যমান অর্থাৎ বিশুদ্ধ আত্ম-স্বরূপে সেই প্রপঞ্চ নাই—এইরূপ অর্থ বুঝিতে হইবে, তথাপি অবিদ্যাময় ধ্যানযুক্ত ধ্যানকারীর সঙ্কল্প সত্যরূপে প্রকাশ পাইয়া থাকে। অর্থাৎ সেই বিশুদ্ধ জীব চৈতন্যও কল্পিতই হইয়া থাকে—এইরূপ অর্থই সুসঙ্গত। যেমন স্বপ্নে এবং মনোরথে বস্তুতঃ কেবল মানস-সঙ্কল্প-আবেশেই অসংবস্তু সংরূপে প্রতিভাত হইয়া মনের উপরে ক্রিয়া করিয়া থাকে, এস্থলেও সেই প্রকারই বুঝিতে হইবে। অতএব, বিবিধ কর্ম্মের সঙ্কল্প ও বিকল্পকারী মনটিকে নিয়মিত করিবে। সেই মনকে সংযত করিতে পারিলেই অব্যভিচারিণী ভক্তির দ্বারা ভজন হইতেই অভয় উপস্থিত হইয়া থাকে। ইহাই শ্লোকের